গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
(উন্নয়ন শাখা)
www.mymensinghdiv.gov.bd

**বিষয়: তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: কামরুল হাসান এনডিসি<br>বিভাগীয় কমিশনার<br>ময়মনসিংহ |
| সভার তারিখ ও সময় | : | ২৭/০১/২০২১ খ্রি., দুপুর ১২.০০ টায় |
| সভার স্থান | : | Zoom Cloud Meeting App এর মাধ্যমে |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-"ক" |

Zoom Cloud Meeting App এর মাধ্যমে সংযুক্ত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা হয়। জেলাপ্রশাসক (সকল), পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ, প্রোগ্রাম ম্যানেজার, টিআইবি, ময়মনসিংহ-সহ অন্যান্য সদস্যগণ গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন। সদস্য সচিব বলেন, প্রত্যেক দপ্তরে মনিটরিং কমিটি গঠন করা হলে সহজেই তার দপ্তরের হালনাগাদকরণের যাবতীয় তথ্য পাওয়া যাবে। তাই তিনি মনিটরিং কমিটি গঠনের পরামর্শ প্রদান করেন। তিনি আরও বলেন, ওয়েবসাইট হালনাগাদকরণের জন্য টিআইবি, ময়মনসিংহ ০৭টি ক্যাটাগরি নিয়ে কাজ করছে। তাদেরকে আরও বেশি ক্যাটাগরি নিয়ে কাজ করার পরামর্শ প্রদান করেন।

গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি হতে জানা যায়, অধিকাংশ দপ্তরের বার্ষিক প্রতিবেদন এবং স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নীতিমালা ওয়েবসাইটে প্রকাশ করা হয়নি। বার্ষিক প্রতিবেদনের মাধ্যমে দপ্তরগুলোর সারা বছরের কার্যক্রমের প্রতিফলন প্রকাশ করা হয়। এতে করে সেবাপ্রার্থীগণ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকান্ড সম্পর্কে জানা-সহ ঐ দপ্তর হতে তাদের প্রয়োজনীয় তথ্যাদি পেতে পারে। তিনি আরো বলেন, তথ্য অধিকার আইনটি জনগণের নিকট আরো ব্যাপকভাবে প্রচার করা হলে জনগণ তার সুফল ভোগ করতে পারবে।
বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

১. প্রত্যেক দপ্তরের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে।
২. স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নীতিমালা তৈরি এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে।
৩. তথ্য অধিকার সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য মাঝে মাঝে জনঅবহিতকরণ সভা আহ্বান করতে হবে।
৪. নতুন নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইনে প্রশিক্ষণ আয়োজন এবং প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
৫. সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং অফিসের দর্শনীয় স্থানে প্রদর্শিতরূপে প্রচার করতে হবে।
৬. প্রতিবছর বার্ষিক প্রতিবেদন প্রকাশ ও যথাসময়ে ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।

সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়নে সহযোগিতা প্রদানের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০২/২০২১


(মোঃ কামরুল হাসান *এনডিসি*)
বিভাগীয় কমিশনার
ময়মনসিংহ
ফোন: ০৯১-৬১৪৪৪ (অফিস)
ফ্যাক্স: ০৯১-৬৬৪৪০ (অফিস)
ই-মেইল-divcommymensingh@mopa.gov.bd


স্মারক : ০৫.৪৫.০০০০.০১১.১৮.০১৩.১৬.৬৭

তারিখ: ২১ মাঘ ১৪২৭ / ০৪ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. ........................................................................................................................, সদস্য, তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি।
৬. অফিস কপি।


(রূপম দাস)
সহকারী কমিশনার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
ময়মনসিংহ